

ঈস্টার রবিবার যীশু মৃত্যু থেকে উঠেছিলেন এবং চিরকাল তিনি জীবিত

শিশুদের যে কোন একটি শিক্ষন কার্যকলাপ পছন্দ।

শিশুদের ছবিটি নকল করতে অথবা রঙ করতে দিন।



শিক্ষককে অথবা একজন বড় শিশুকে যীশুর মৃত্যু থেকে উত্থানের গল্পটি পাঠ করতে অথবা বলতে বলুন। মার্ক ১৫:১-১৬:৮ পদ। এখানে যীশু কিভাবে মৃত্যুবরণ করেছিলেন, কবরস্থ হয়েছিলেন এবং তিনদিন পর আবার কিভাবে উত্থিত হয়েছিলেন সেই বিষয়ে বলা হয়েছে।

গল্পটি বলার পর প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।

যীশু তাঁর মৃত্যু এবং পুনরুত্থানের মাধ্যমে আমাদের জন্য কি করেছিলেন? (যীশুর রক্ত আমাদের পাপ সমূহ আবৃত করেছিল এবং তাঁর পুনরুত্থান, যারা তাঁকে বিশ্বাস করে তাদের জীবন দান করে।)

পীলাত যীশুকে কি বলে ডেকেছিলেন? (যিহুদীদের রাজা, মার্ক ১৫:২)

সৈন্যরা যীশুর সঙ্গে কেমন ব্যবহার করেছিল? (মার্ক ১৫:১৭-১৯ পদ)

তারা তাঁর মাথার ওপর বোর্ডে কি লিখে গিয়েছিল? (মার্ক ১৫:২৬)

যীশু মৃত্যুর পূর্বে কি বলে চীৎকার করেছিলেন? (মার্ক ১৫:৩৪)

আরিমাথিয়ার যোষেফ কি করেছিলেন? (মার্ক ১৫:৪৩-৪৬)

সমাধির দ্বারে কি রাখা হয়েছিল? (মার্ক ১৫:৪৬)

কারা সমাধির কাছে গিয়ে দেখেছিলেন যে কবরটি শূন্য? (মার্ক ১৬:১)

ঈস্টারের গল্পটি নাটকে পরিণত করুন।

আরাধনার সময় নাটকটি শিশুদের দিয়ে উপস্থাপন করানোর জন্য উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে আয়োজন করুন।

ইহা অনুশীলনের জন্য শিশুদের সঙ্গে সময় দিন।

আপনি কিছু অংশ বাদ দিতে পারেন অথবা শাস্ত্রের পদ থেকে কিছু অংশ যোগ করতে পারেন।

বড় শিশুদের ছোটদের প্রস্তুতিতে সাহায্য করতে দিন।

বড় শিশুরা অথবা প্রাপ্ত বয়স্কগণ এই অংশগুলো অভিনয় করবেন :

বর্ণনাকারী : গল্পটি বলবেন এবং শিশুদের কি বলতে হবে তা মনে করতে সাহায্য করবেন।

সৈনিকগণ : চাবুক, কাঁটার মুকুট, এবং বিশেষ ধরণের বস্ত্র প্রস্তুত করবে।

যাজক

যীশু

পীলাত

যোষেফ : বস্ত্র প্রস্তুত করবেন।

শিশুদের নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করতে দিন :

মহিলাগণ : বোতল প্রস্তুত করবেন যা সুগন্ধির প্রতিনিধিত্ব করবে।

নৈতা

স্ব'দূত

তিনটি ভাগে স্টারের নাটকটি উপস্থাপন করতে হবে :

প্রথম ভাগ (মার্ক ১৫ঃ১-২০)

বর্ণনাকারী : মার্ক ১৫ঃ১-২০ পদ থেকে গল্পের প্রথম অংশটি পাঠ করুন অথবা বলুন। ঘোষণা করুন, “শুনুন, যাজক কি বলছেন।”

যাজক : “মহাশয়, এই লোকটি আমাদের ব্যবস্থা লঙ্ঘন করেছে। এর মৃত্যুদণ্ড হওয়া উচিত।”

পীলাত : “যীশু, তুমি কি যিহুদীদের রাজা?”

যীশু : “হাঁ, আমিই রাজা।”

পীলাত : আশ্চর্যভাবে দেখবেন। তারপর বলবেন, “আমি এই লোকটির কোন দোষ খুঁজে পাচ্ছি না। লোকেরা, আপানারা কি চান যে আমি তাকে মুক্তি দিই?”

জনতা : ক্রুদ্ধভাবে চীৎকার করবে, “বারাব্বাকে মুক্তি দিন! যীশুকে ক্রুশে দিন!”

পীলাত : “সৈনিকগণ, তাকে নিয়ে যাও এবং ক্রুশবিদ্ধ কর।”

সৈনিকগণ : যীশুকে চাবুক মারার ভাগ করবে। তাকে কাপড় পড়িয়ে দেবে এবং তার মাথায় কাঁটার মুকুট পড়াবে। ঠাট্টা করে তাকে বলবে, “ওহে, যিহুদীদের রাজা!” “এই যে তোমার মুকুট!” “এই যে তোমার রাজবস্ত্র!” “এই তোমার ক্রুশ! বহন কর!”

ভাগ ২ (মার্ক ১৫ঃ২২-৪৭)

বর্ণনাকারী : গল্পটির দ্বিতীয় অংশ পাঠ করবে অথবা বলবে (মার্ক ১৫ঃ২২-৪৭)। বর্ণনাকারী যখন বলবেন, যীশু তখন তাঁর পিঠে ভারী ক্রুশ বহন করে ধীরে ধীরে ঘরের মধ্যে হাঁটতে থাকবে। বর্ণনাকারী যখন পাঠ বন্ধ করবে, সৈন্যরা ক্রুশটি ভূমিতে আঁধার ভাগ করবে।

বর্ণনাকারী : বলবেন, “শুনুন, সৈনিকগণ কি বলছেন।”

সৈনিকগণ : যীশুকে পেরেক দিয়ে ক্রুশে বিদ্ধ করার ভাগ করবে। বলবে, “চল, আমরা তার বস্ত্রের জন্য গুলিবাঁট করি।” (যীশুকে একটা চেয়ারের উপর দাঁড় করাতে হবে, হাত দুটো দুদিকে প্রসারিত করে থাকতে হবে, তারপর তাঁকে পেরেক দিয়ে ক্রুশবিদ্ধ করার ভাগ করবে)।

নৈতা : “দেখ! সাইনবোর্ডটা বলছে যে তিনি যিহুদীদের রাজা!” “হাঃ হাঃ, যীশু নিজেই রক্ষা কর।”

যাজকগণ : “যীশু তোমার ক্ষমতা দেখাও! ক্রুশ থেকে নেমে এসো!”

যীশু : জোড়ে চীৎকার করবেন, “ঈশ্বর আমার, ঈশ্বর আমার, কেন তুমি আমাকে পরিত্যাগ করেছ?”

মহিলারা : “ওয় যীশু মারা গেছেন!”

ভাগ - ৩ (মার্ক ১৬ঃ১-৪)

বর্ণনাকারী : গল্পের তৃতীয় অংশটি বলুন (মার্ক ১৬ঃ১-৮)।

তারপর বলবেন, “শুনুন যোষেফ কি বলেন।”

যোষেফ : “পীলাত আমাকে যীশুর দেহটি সমাধিস্থ করতে দিন।” (মহিলাগণ লক্ষ্য করবেন) যীশুকে ত্রুশ থেকে নিয়ে, তাঁকে কবরের বস্ত্র জড়িয়ে দেবেন এবং কবরের মধ্যে রাখবেন (টেবিলের নীচে)। তারপর এর সামনে একটা পাথর (চেয়ার) দিয়ে ঢেকে দেবেন।

বর্ণনাকারী : “তৃতীয় দিন এক মহান অলৌকিক ঘটনা ঘটবে।” পাথরটি সরাবেন, যীশু উঠে দাঁড়াবেন এবং একদিকে হেঁটে যাবেন।

মহিলাগণ : চোখের জল মুছতে মুছতে জিজ্ঞাসা করবেন, “কে সেই প্রকাণ্ড পাথরটি সরিয়ে দিয়েছেন?” “দেখ! পাথরটা সরান!” “দেখ, সেখানে একটা স্বর্গদূত!”

স্বর্গদূত : “যীশু জীবিত হয়েছেন। যাও, তার শিষ্যদের বল!”

বর্ণনাকারী : নাটকটি শেষ হলে শিশুদের ধন্যবাদ দেবেন।

ছোটরা বড়দের জিজ্ঞাসা করবেন যীশু মৃত্যুর মাধ্যমে এবং পুনরুত্থানের মাধ্যমে আমাদের জন্য কি করেছিলেন? উত্তরের সঙ্গে অবশ্যই অন্তর্ভুক্ত হওয়া উচিত যে যীশুর রক্ত আমাদের পাপ সমূহ আবৃত করে এবং তাঁর পুনরুত্থান যারা তাঁকে বিশ্বাস করেন তাদের অনন্ত জীবন দান করে।

কয়েকজন শিশুকে ত্রুশের উপর যীশুর ছবি আঁকতে বলুন এবং অন্যদের যীশুর কবরের বাইরে জীবিত হওয়ার ছবি আঁকতে বলুন। তারা আরাধার সময় বড়দের কাছে ছবিগুলো দেখাতে পারে এবং তারা ব্যাখ্যা করবে যে যীশু কিভাবে আমাদের জন্য মৃত্যুবরণ করেছিলেন এবং তৃতীয় দিনে আমাদের জীবন দানের জন্য আবার উত্থিত হয়েছিলেন, সেই বিষয়টি প্রদর্শন করে।

১ পিতর ১ঃ৩ পদ মুখস্থ করুন।

কবিতা : গীত ২ঃ১-৪ পদ গুলি চারজন শিশুর প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে বলুন। বড় শিশুদেরও আপনি যীশুর পুনরুত্থানের উপর কবিতা লিখতে দিতে পারেন।

প্রার্থনা : “প্রিয় যীশু, আজ আমরা তোমার মৃত্যু এবং পুনরুত্থান স্মরণ করেছি। তোমার মৃত্যুর মাধ্যমে আমাদের জন্য পাপের ক্ষমা আছে। তোমার পুনরুত্থান আমাদের জীবন দান করে। আমরা তোমার প্রশংসা করি!”